

স্মারক নং- ৩৪.০১.০০০০.০৪০.৪৩.৩৬-২০১৫-০৬

তারিখ: ১৪-০৭-১৫

বিষয়ঃ টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন ছইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের কার্যক্রম প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের ৭ বিভাগের ৬৪টি জেলায় উপজেলা পর্যায়ে ১৮-৩৫ বছর বয়সী এইচ. এস. সি পাশ যুবক ও এস. এস. সি পাশ যুব মহিলাদেরকে ১ মাসব্যাপী আই সি টি মোবাইল ভ্যানে কম্পিউটার ও নেটওয়ার্কিং বিষয়ে প্রশিক্ষণ দেয়ার প্রকল্প চালু হয়েছে। ইতোপূর্বে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত 'কমনওয়েলথ ইয়ুথ প্রোগ্রাম টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার (সিওয়াইপিটেক) অন ছইলস ফর ডিসএনফ্রাশাইজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ' শীর্ষক সমাপ্ত প্রকল্পের মাধ্যমে এ ধরনের প্রশিক্ষণ ২০০৮-২০১২ পর্যন্ত দেয়া হয়েছে। জাপান সরকারের মঞ্জুরী সহায়তায় পরিচালিত প্রকল্পটির মেয়াদকাল ১লা জানুয়ারি ২০১৫ হতে ৩১ ডিসেম্বর ২০১৯।


২। প্রতিটি আইসিটি ভ্যানে ল্যাপটপ, ইন্টারনেট সুবিধাসহ প্রশিক্ষণ সরঞ্জামাদি, যেমনঃ LED, Multimedia projector, screen, audio systems এবং trainers থাকবে। প্রতিটি আই সি টি ভ্যানের মাধ্যমে বছরে ১২টি ব্যাচে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। প্রতি ব্যাচে যুবক ও যুব মহিলার সংখ্যা সমান সমান হবে। ৭টি বিভাগে ৭টি মোবাইল ভ্যানে উপজেলা পর্যায়ে বিনা খরচে ৪০ জনের প্রতিটি ব্যাচে এক মাস মেয়াদী এ প্রশিক্ষণ প্রদান করা হবে। তবে সিলেট বিভাগের প্রতি ব্যাচে ৪০ জনের পরিবর্তে ২৪ জন নির্ধারণ করা হয়েছে। অর্থাৎ প্রতি মাসেই একে উপজেলায় এ প্রশিক্ষণ দেয়া হবে। প্রধান কার্যালয় কর্তৃক অনুমোদিত সময়সূচী মোতাবেক পর্যায়ক্রমে প্রত্যাহী উপজেলায় এ প্রশিক্ষণ প্রদান করা হবে।

৩। আইসিটি মোবাইল ভ্যানে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ আয়োজনে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ সরাসরি কাজ করবেন। জেলার উপ-পরিচালক ও সহকারী পরিচালকগণ প্রশিক্ষণ কার্যক্রম তদারকি করবেন। এক্ষেত্রে আইসিটি মোবাইল ভ্যানের রক্ষণাবেক্ষণ ও সার্বিক নিরাপত্তার বিষয়টি সর্বশেষ উল্লেখযোগ্য। তাছাড়া জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করে এ সকল প্রশিক্ষণ আয়োজন করার পাশাপাশি বহুল প্রচারের উদ্যোগ গ্রহণ করা আবশ্যিক। উদ্বোধনী অনুষ্ঠানে এলাকার জনপ্রতিনিধিদের উপস্থিতি প্রকল্পের কার্যক্রম প্রচারে সহায়ক হবে। মাসের প্রথম কার্যদিবসে প্রশিক্ষণ শুরু করার বাধ্যবাধকতা রয়েছে। তবে উদ্বোধনী অনুষ্ঠান প্রথম দিন করা না গেলেও আমন্ত্রিত অতিথিদের সুবিধাজনক সময়ে প্রশিক্ষণ চলকালে যে কোন দিন করা যাবে। সমাপনী দিবসে স্থানীয় প্রশাসনের কর্তাব্যক্তিদের উপস্থিতিতে সনদপত্র বিতরণ করতে হবে। সেই সাথে প্রকল্পের সফল বাস্তবায়নে সম্মানিত জনপ্রতিনিধিদের সম্পৃক্তকরণে কার্যকরী প্রয়াস থাকতে হবে।

৪। বর্তমান বিশ্বে আধুনিক ব্যবস্থাপনা, গুণগতমানসম্পন্ন পণ্য উৎপাদন, গবেষণা, টেলিকমিউনিকেশন, ই-কমার্স, অনলাইন ব্যাংকিং, প্রিন্টিং ইত্যাদির প্রায় সকল কার্যাদি কম্পিউটারের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। কম্পিউটার প্রযুক্তি তথা তথ্য প্রযুক্তির ব্যবহার দিন দিন যারপরনাই বৃদ্ধি পাচ্ছে। আমাদের দেশের মোট জনসংখ্যার প্রায় এক-তৃতীয়াংশ যুব অর্থাৎ প্রায় ৫ কোটি যুবক ও যুব মহিলাকে দক্ষ জনশক্তিতে রূপান্তর করে তথ্য আধুনিক তথ্য প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ দিয়ে দক্ষজনশক্তি হিসেবে পরিণত করে তাদেরকে আয়বর্ধক কর্মকাণ্ডে সম্পৃক্ত করতে পারলে একদিকে যেমন তারা নিজেসই আত্মকর্মে হবে, পাশাপাশি জাতীয় উন্নয়নে তারা অবদান রাখতে পারবে। তাই দারিদ্র্য বিমোচনে সরকারের অন্যতম উন্নয়ন কৌশল তথা মানব সম্পদ উন্নয়নে এ কর্ম-উদ্যোগ বিশেষ সহায়ক হবে বলে প্রতীক্ষিত হয়। এজন্য এ মহতী উদ্যোগে সবার আন্তরিক সহযোগিতা ও সংশ্লিষ্টদের সর্বাত্মক আত্মনিয়োগ একান্তভাবে কাম্য।

এমতাবস্থায় তাঁর জেগার যে সব উপজেলায় ইতোমধ্যে আই সি টি মোবাইল ভ্যানে ১ মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তার একটি পূর্ণাঙ্গ তালিকা প্রধান কার্যালয়ে জরুরী ভিত্তিতে প্রেরণ করতে হবে। সেই সাথে জনপদের অনগ্রসরতা, বেকারত্ব ও সুবিধাবঞ্চিতদের বিষয় বিবেচনা করে যে সব উপজেলায় আই সি টি মোবাইল ভ্যানে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান জরুরী ও উপযোগী সে সব উপজেলার অগ্রাধিকার তালিকা এবং ঐ সব উপজেলার ন্যূনতম যোগ্যতাসম্পন্ন আগ্রহী যুবক ও যুব মহিলাদের ৪০ জনের তালিকাসহ একটি চাহিদা প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

সংযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে ইহা প্রেরণ করা হলো।


(আবুল হাছান খান)
হুগাসচিব

পরিচালক (পরিকল্পনা)
যুব উন্নয়ন অধিদপ্তর

ও

প্রকল্প পরিচালক (অঃ দাঃ)
টেকাব প্রকল্প
ফোন ৯৫৬০৭০৩।

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

----- (সকল) জেলা।

অনুলিপি :

- ০১। পরিচালক (প্রশাসন ও অর্থ/পরিকল্পনা/প্রশিক্ষণ/বাস্তবায়ন/দাবি ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ সচিব (যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সহকারী পরিচালক আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ----- উপজেলা ----- জেলা।
- ০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৭। অফিস কপি।